

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date : 01-11-2025**  
**Time: 07.35-07.40 AM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

---

**PM -Ekta Diwas :**

গতকাল সারা দেশে লৌহপুরুষ সর্দার বল্লভভাই প্যাটেলের ১৫০ তম জন্মদিন রাত্ত্রীয় একতা দিবস উদযাপন করা হয়। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গুজরাটের কেভাডিয়ায় আয়োজিত একতা দিবসের অনুষ্ঠানে অংশ নেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, দেশের নাগরিকরা ঐক্যবদ্ধ হয়ে বিকশিত ভারতের স্বপ্ন পূরণ করবেন। তিনি জাতীয় ঐক্যকে শক্তিশালী করার জন্য সম্মিলিত সংকল্প পুনর্ব্যক্ত করেন। প্রধানমন্ত্রী বলেন, স্বাধীনতার পর সর্দার প্যাটেল ‘এক ভারত, শ্রেষ্ঠ ভারত’-এর দৃষ্টিভঙ্গি নিয়ে ৫৫০টিরও বেশি দেশীয় রাজ্যকে একত্রিত করে অসম্ভবকে সম্ভব করে তুলেছিলেন প্রধানমন্ত্রী পঞ্চপাতমুক্ত উন্নয়ন এবং দারিদ্র্য বিমোচনে সরকারের সাফল্যের কথাও তুলে ধরেন। তিনি বলেন, গত দশকে ২৫ কোটি মানুষ দারিদ্র্যতা থেকে মুক্ত হয়েছেন। প্রধানমন্ত্রী সর্দার বল্লভভাই প্যাটেলের আদর্শ অনুসরণ করে একটি শক্তিশালী, উন্নত এবং ঐক্যবদ্ধ ভারত গড়তে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান।

#####PM Byte#####

প্রধানমন্ত্রী স্ট্যাচু অফ ইউনিটিতে পুষ্পস্তবক অর্পণ করে সর্দার বল্লভভাই প্যাটেলকে শ্রদ্ধা জানান এবং একতার শপথ গ্রহণে নেতৃত্ব দেন।

\*\*\*\*\*

## **Ekta Diwas-State :**

সর্দার বল্লভভাই প্যাটেলের ১৫০ তম জন্মজয়ন্তী গতকাল সারা দেশের সঙ্গে রাজ্যেও যথাযথ মর্যাদায় রাষ্ট্রীয় একতা দিবস উদযাপন করা হয়। ক্রীড়া ও যুব কল্যান মন্ত্রী টিংকু রায় গতকাল সকালে আগরতলার বিবেকানন্দ ময়দানে রাজ্যভিত্তিক অনুষ্ঠানের উদ্বোধন করেন। তিনি দেশের একতা ও অখণ্ডতা রক্ষার শপথ বাক্য পাঠ করান। এখানে একতা দৌড় অনুষ্ঠিত হয়।

রাষ্ট্রীয় একতা দিবস উপলক্ষে রাজ্য পুলিশের মূল অনুষ্ঠান হয়েছে এডিনগরে মনোরঞ্জন দেববর্মা মেমোরিয়াল স্মৃতি স্টেডিয়ামে। প্রধান অতিথির ভাষণে ক্রীড়া মন্ত্রী টিংকু রায় আত্মনির্ভর ভারত গঠনের শপথ নিতে আহ্বান জানান। অনুষ্ঠানের শুরুতে রাজ্য পুলিশ, টিএসআর, ট্রাফিক পুলিশ ও মহিলা পুলিশের মোট ১২ টি প্ল্যাটুন কুচকাওয়াজে অংশ নেন। উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ মহানির্দেশক জিএস রাও, আইজিপি কেরি মারাক, ইন্সার মনচাক প্রমুখ।

আকাশবাণী আগরতলা কেন্দ্রেও গতকাল সমবেতভাবে একতার শপথ বাক্য পাঠ করা হয়। আকাশবাণী আগরতলার সমস্ত বিভাগের কর্মীরা একতার শপথ নেন। রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে রাষ্ট্রীয় একতার জন্য শপথ গ্রহণ করা হয়।

মুখ্যসচিব জে. কে. সিনহা সচিবালয়ে সমবেত আধিকারিক ও কর্মচারীদের রাষ্ট্রীয় একতার শপথ বাক্য পাঠ করান।

\*\*\*\*\*

### **Run for Unity-BJP :**

বিজেপি গোমতী জেলা কমিটির উদ্যোগেও গতকাল উদয়পুরে রান ফর ইউনিটির আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন বিধায়ক অভিষেক দেবরায় ও জীতেন্দ্র মজুমদার এবং অন্যান্যরা।

\*\*\*\*\*

### **PM-KUSUM :**

পিএম-কুসুম প্রকল্প বাস্তবায়নে ত্রিপুরা উত্তর-পূর্ব ভারতের মধ্যে প্রথম স্থান অর্জন করেছে। গতকাল গুয়াহাটিতে অনুষ্ঠিত উত্তর-পূর্বাঞ্চলের পুনর্নবীকরণ শক্তি বিষয়ক আঞ্চলিক কর্মশালায় রাজ্যের বিদ্যুৎ মন্ত্রী রতন লাল নাথ কেন্দ্রীয় পুনর্নবীকরণ শক্তি মন্ত্রী প্রহলাদ জোশীর হাত থেকে পুরস্কার গ্রহণ করেন।

\*\*\*\*\*

### **State level Kala Utsav – closing :**

বিদ্যালয় শিক্ষাদপ্তর আয়োজিত তিনদিনব্যাপী রাজ্যভিত্তিক কলা উৎসব গতকাল আগরতলায় শেষ হয়েছে। রবীন্দ্র শতবার্ষিকী ভবনে আয়োজিত সমাপ্তি

অনুষ্ঠানে উচ্চশিক্ষা মন্ত্রী কিশোর বর্মণ বলেছেন, কলা উৎসব হল শিক্ষার্থীদের স্মৃতি-সচেতন ব্যক্তিত্বে পরিণত করার একটি মাধ্যম। এটি শিশুদের উজ্জ্বল ভবিষ্যত গড়ে তুলতে সাহায্য করে"।

\*\*\*\*\*

### **P.M. Visit to Chattishgarh :**

ছত্তিশগড় রাজ্য প্রতিষ্ঠার ২৫ বছর পূর্তি অনুষ্ঠানে যোগ দিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ ছত্তিশগড় সফর করবেন। সফরকালে প্রধানমন্ত্রী ১৪,২৬০ কোটি টাকারও বেশি মূল্যের বিভিন্ন উন্নয়ন প্রকল্পের উদ্বোধন করবেন এবং একাধিক কর্মসূচীতে অংশগ্রহণ করবেন।

\*\*\*\*\*

### **Chavang Kut Festival in Manipur :**

মণিপূরে চীন-কুকি-মিজো সম্প্রদায়ের ফসল সংগ্রহের উৎসব চাভাং কুট আজ অনুষ্ঠিত হবে। এই উৎসবটি প্রতি বছরের ১ নভেম্বর উত্তরপূর্বাঞ্চলের সেই সমস্ত এলাকায় উদযাপিত হয় যেখানে চীন-কুকি-মিজো সম্প্রদায় বসবাস করে। উৎসবটি ফসল কাটার মৌসুম শেষ হওয়ার এবং ভালো ফসলের জন্য ইশ্বরের প্রতি কৃতজ্ঞতা জানানোর উদ্দেশ্যে পালন করা হয়। চাভাং কুট একটি সুন্দর এবং সাংস্কৃতিকভাবে সমৃদ্ধ উৎসবের উদযাপন, যেখানে সাংস্কৃতিক নৃত্য, লোক গান আয়োজিত হয়।

\*\*\*\*\*

## CPIM South :

তিন দফা দাবিতে গতকাল দক্ষিণ জেলার সাক্রম শহরে এবং শান্তিরবাজারের পতিছড়ি ড্রপগেইটে সিপিআইএমের উদ্যোগে গন অবস্থান কর্মসূচি অনুষ্ঠিত হয়। প্রাক্তন বিধায়ক প্রভাত চৌধুরী, সিপিআইএম দক্ষিণ জেলা সম্পাদক তাপস দত্ত ও প্রাক্তন বিধায়ক সুধন দাস প্রমুখ বক্তব্য রাখেন।

\*\*\*\*\*

## Ranji Trophy :

ত্রিপুরা ও বাংলার মধ্যে রঞ্জি ট্রফির চারদিনের খেলা আজ থেকে শুরু হচ্ছে। এম বি বি স্টেডিয়ামে এই ম্যাচটি হবে। গতকাল দুটি দল অনুশীলন করে। ভারতীয় দলের ক্রিকেটার মহম্মদ সামি বাংলার হয়ে খেলবেন।

\*\*\*\*\*

## Weather :

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ অংশত মেঘলা থাকবে। বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি পাতের সম্ভাবনা রয়েছে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৭ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৪ ডিগ্রির কাছাকাছি।

\*\*\*\*\*

\*\*\*\*\*

